দৈনিক
আমাদের সময়

তারিখ 22 AUG 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩

# জঙ্গি তৎপরতা ঠেকাতে শিক্ষা প্রতিষ্ঠানে বাড়ানো হবে নজরদারি

**নিজস্ব প্রতিবেদক** ●

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানসহ সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলোয় জঙ্গি তৎপরতা রয়েছে কিনা তা যাচাই করতে সরকারি নজরদারি বাড়ানো হবে। গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে জঙ্গিবাদ প্রতিরোধে সরকার গঠিত কমিটির বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, জঙ্গিবাদবিরোধী অভিযান ও জঙ্গি গ্রেপ্তারের ঘটনায় হওয়া মামলা দ্রুত নিষ্পত্তির নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া জঙ্গি অর্থায়নের ব্যাপারে পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন দিতে বাংলাদেশ ব্যাংক, পুলিশের গোয়েন্দা শাখা (সিআইডি) ও বিশেষ শাখাকে (এসবি) নির্দেশ দেওয়া হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর